



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫
www.napd.gov.bd



নং ০৫.৮৮.০০০০.০০৬.০৪.০০৫.২০- ৪৫২

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩১
২৪ সেপ্টেম্বর ২০২৪

বিষয়ঃ নন-ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত নন-ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ২৭তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ২৯ সেপ্টেম্বর – ২৭ নভেম্বর ২০২৪ মেয়াদে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও অনিবার্য কারণবশতঃ কোর্সটি আগামী ১৭ নভেম্বর ২০২৪ – ১৫ জানুয়ারি ২০২৫ মেয়াদে অনক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। তবে ইতঃপূর্বে যে সকল কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়েছে তাদের পুনরায় মনোনয়নের প্রয়োজন নেই। মনোনয়নের সুবিধার্থে কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:

- (১) কোর্সের উদ্দেশ্য : ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের নন-ক্যাডার কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের কল্যাণে নিবেদিতপ্রাণ কর্মী হিসেবে গড়ে তোলা।
- (২) প্রশিক্ষণার্থীর পর্যায় : বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ /অধিদপ্তর /স্বায়ত্তশাসিত সংস্থার ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা।
- (৩) পাঠ্যক্রম ফি : ভ্যাট ও আইটি ব্যতীত জনপ্রতি ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) টাকা মাত্র। কোর্স ফি কোর্স শুরুর পূর্বে 'মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' বরাবর নগদ অথবা ক্রসড্ চেক এর মাধ্যমে প্রদেয়। উক্ত কোর্স ফি'র মধ্যে দু'মাসের আবাসন, খাবার, শরীর চর্চা, শিক্ষা সফর, কীট এ্যালাউন্স এবং সাংস্কৃতিক অনুষ্ঠানসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ অন্তর্ভুক্ত।
- (৪) পাঠ্যসূচি : কোর্সে ০৬টি ক্ষেত্রে নিম্নোক্ত মোট ২২টি মডিউলের আওতায় আনুমানিক ২২৫টি সেশন পরিচালনা করা হবে:


Major Area	Module
a) Bangladesh studies	Module 1: Introducing Bangladesh
	Module 2: Bangladesh Studies
b) Public administration	Module 3 : Constitution and Government System
	Module 4: Leadership and Change Management
	Module 5: Local government and Public Management
	Module 6 : Ethics and Etiquette
c) Management process	Module-7: Human Resource Management
	Module-8: Office Management and Service Rules
	Module-9: Financial Rules and Procedures
d) development studies	Module-10: Basics of Economics
	Module-11: Development Planning and Project Management
	Module-12: Research Methodology
	Module-13: Globalization
	Module-14: Sustainable Development and Environment
e) Skill development	Module-15: Gender and Child Rights
	Module-16: English Language Skills
	Module-17: Information and Communication Technology (ICT)
f) Relevant Modules	Module-18: Book Review
	Module 19: BARD/RDA/RDTI Attachment/Village study
	Module-20: Extension Lectures
	Module-21: Term Paper / Assignment
	Module-22: PT and Games

- (৫) পাঠ্যক্রমের মেয়াদ : ১৭ নভেম্বর ২০২৪ – ১৫ জানুয়ারি ২০২৫ (৬০ দিন)।
- (৬) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ২৫ জন
- (৭) মনোনয়নের শেষ তারিখ : ১৩ নভেম্বর ২০২৪
- (৮) পাঠ্যক্রমের প্রকৃতি : কোর্সটি আবাসিক।
- (৯) প্রশিক্ষণ সংক্রান্ত সুবিধাবলি : একাডেমি কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণ কোর্সের গুণগতমান বজায় রাখতে সেশন পরিচালনার ক্ষেত্রে নিয়মিতভাবে বিষয় সংশ্লিষ্ট অভিজ্ঞ বক্তাদের অগ্রাধিকার প্রদান করা হয়। একাডেমিতে ৯তলা বিশিষ্ট ডরমিটারি (wifi সংযুক্ত) ও ৩তলা বিশিষ্ট একটি ক্যাফেটেরিয়া (wifi সংযুক্ত) এবং শীতাতপ নিয়ন্ত্রিত মসজিদ আছে।
- (১০) পাঠ্যক্রমে যোগদান : মনোনীত কর্মকর্তাকে আগামী ১৬ নভেম্বর ২০২৪ তারিখ বিকাল ০৩:০০ টার পূর্বে একাডেমিতে রিপোর্ট করতে হবে।

(১১) এমতাবস্থায়, নিম্নোক্ত ছকে তীর নিয়ন্ত্রণাধীন নন-ক্যাডার কর্মকর্তা/কর্মকর্তাগণের নাম, পদবি, কর্মস্থলের ঠিকানা, টেলিফোন, ই-মেইল ইত্যাদি তথ্য উল্লেখপূর্বক মনোনয়নপত্র আগামী ১৩ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পদবি, কর্মস্থল	ফোন নম্বর	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা

(১২) উল্লেখ্য, উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন একাডেমির মহাপরিচালক কিংবা নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করা যাবে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়ক মোছাঃ জান্নাতুল ফেরদৌসী, সহকারী লাইব্রেরিয়ান (ইমেইল: jferdousi74@gmail.com মোবাইল: ০১৭৮৯-০০৯৮১০) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।


 ২৪.০৭.২০২৪
 ফ্লোরা বিলকিস জাহান
 প্রধান প্রশিক্ষক (উপসচিব)
 ফোনঃ ০১৭১২-৫৫৮৫৫৯
 ইমেইল: cil@napd.gov.bd